

## হাংগার

হ্যাঁ রে শঙ্কত, লিস্ট থেকে তোর নাম কেটে দেয় অদৃশ্য হাত।  
 ‘আহারাদি সহ সুন্দরবন তিনশো টাকায়’ পকেট ফস্কা।  
 ‘প্রকৃতির মহাসাঙ্ঘনা’ তুই কবে দাম দিয়ে কিনতে পারবি?  
 বনবাংলোয় অন্তত এক জাগর রাত্রির, প্যাকেজ ট্যুরের  
 দলবল নিয়ে ওয়াচ টাওয়ার, যদি দেখা দেন দক্ষিণরায়!  
 রাত্রে ওঁদের নাম নিতে নেই, নদী সাঁতারিয়ে মড়ির সামনে  
 সুন্দর, তুমি এসেছিলে, দেখি থাবার চিহ্ন, অণবরণ  
 গায়ে ডোরাদাগ ---

না রে শঙ্কত, বেড়াতে যাওয়ার ওই কটা নোট জোগাড় হল না।  
 লিস্ট থেকে ঠিক নাম কেটে দেয় ঘূর্ণিচেয়ারে বসা অদৃষ্ট।  
 আমরা চেয়েছি শ্রমের সুযোগ --- রাজা বা লিডার হতে চাই নে মা!  
 (ভগবান তুমি ক্ষুধার অন্ন, ক্ষুধা মানে খিদে, হ্যাঁ হ্যাঁ, হাংগার)  
 পাঁচশো বছর অনশনরত দীন বঙ্গজ পেটের হাঁকারে  
 ঘূর্ণিচেয়ার দু’হাতে ঘুরিয়ে কেটে ছিঁড়ে খাবো অদৃশ্য হাত!

পিনাকি ঠাকুর

